

আন্তর্জাতিক শান্তি দিবসে জাতিসংঘ মহাসচিব কফি আনানের বাণী

২১ সেপ্টেম্বর

শান্তি হল জাতিসংঘ মিশনের মূল ভিত্তি। আমাদের পরিচয়, আমরা যা কিছু করি তার অনুপ্রেরণা।

২১ সেপ্টেম্বর আন্তর্জাতিক শান্তি দিবস হল সেই দিন, যেদিন আমরা শান্তির লক্ষ্যে পৌঁছানোর জন্য আমাদের অঙ্গীকারকে পুনর্ব্যক্ত করি।

এই দিনটি উন্নয়নের জন্য বিশ্ব অংশীদারিত্ব ও সমষ্টিগত নিরাপত্তা ব্যবস্থাকে আরো শক্তিশালী করার উপায় নিয়ে আমাদের চিন্তা করার সুযোগ এনে দেয়।

এটি বিশ্ব যুদ্ধবিরতি দিবস। সেদিন সকল দেশ ও মানুষ সমস্ত দিনের জন্য সকল সংঘাত পরিহার করবে। এবং এটি সেই দিন যেদিন বিশ্বের সকল মানুষ স্থানীয় সময় দুপুর ১২টায় এক মিনিটের নিরবতা পালন করে।

চব্বিশ ঘন্টা কোন দীর্ঘ সময় নয়।

কিন্তু যোদ্ধা ও রাজনৈতিক নেতৃবৃন্দ দেশ ও মানুষের উপর কি পরিমাণ ধ্বংসযজ্ঞ চাপিয়ে দিচ্ছে তা নিয়ে তাদের চিন্তা করার জন্য এটি যথেষ্ট সময়।

কাটা তারের বেড়া বা অবরোধের বাইরে অন্য পথ আছে কিনা তা সন্ধান করে দেখার জন্য এটি যথেষ্ট সময়।

সহিংসতা ও সশস্ত্র সংঘাতে ক্ষতিগ্রস্ত সকল মানুষের প্রতি আসুন আমরা বিশ্ব শান্তি দিবসে শ্রদ্ধাজ্ঞাপন করি।

আসুন আমরা গত সপ্তাহের ২০০৫ বিশ্ব সম্মেলনে শান্তি বিষয়ে গৃহীত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে আমাদের যথাসাধ্য করার প্রতিজ্ঞা ব্যক্ত করি।

সকলকে ধন্যবাদ।

* * * *